ক্ষমতায় কেউ স্থায়ী হয় না

إِنَّ الْحَمْدَ لِلّٰهِ نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوْذُ بِاللّٰهِ مِنْ شُرُوْرِ اَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ اَعْمَالِنَا، مَنْ يَّهْدِهِ اللّٰهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يُّضْلِلْ فَلَا هَادِىَ لَهُ، وَنَشْهَدُ اَنْ لَّا إِلٰهَ إِلَّا اللّٰهُ، وَنَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُه. اما بعد

রাতের আধার যত বাড়তে থাকে সূর্যের কিনারা তত নিকটবর্তি হতে থাকে। একদিন এই সূর্যের কিনারা স্বাভাবিকভাবে না উঠে উল্টো দিকে সাময়িকভাবে প্রত্যাবর্তন করবে। আর এটাই হলো কিয়ামতের আলামতে কুবরার অন্যতম একটি।

সম্মানিত পাঠক! কতশত জামানার পরিসমাপ্তি আর ছন্দপতনে কত জালেমের পতন, ধংসাবশেষ চিহ্ন নিঃশ্চিহ্ন, সবই আল্লাহ তাআলার নিদর্শন, শিক্ষাগ্রহনে ইচ্ছুক জ্ঞানী সমপ্রদায়ের জন্য। অত্যাবশকীয় জ্ঞান অর্জন আর আসহাবে রাসুলের দীক্ষার জন্য বিশাল উঁচু উচু ডিগ্রি আর মর্তবার প্রয়োজন নেই, প্রয়োজন শুধুমাত্র রাসুলের নয়নের মনি হাবশী বেলালের মত হৃদয় আর ভালোবাসা, যা অত্যাচারি উমাইয়্যার প্রবল চাপে শুধুমাত্র আহাদ আহাদ শব্দ প্রয়োগে কাফিরের কুফুরকে অবজ্ঞা ও তুচ্ছতাচ্ছিল্যের বিষবানে প্রচন্ড বেগে আঘাতের পর আঘাত করে কালিমার শিক্ষার প্রতি অটল অবিচল থেকেছে। আর এটাই হল আসহাবে রাসুলের প্রদর্শিত উপমা।

পেয়ারে হাজিরিন,

কেউই হয়না স্থায়ী অটল অবিচল, জীবনের তরে

আসবেই আসবে মুনকার নাকিরের সাওয়াল, মরনের পরে।

কোন ধনীর ধন, প্রতারকের প্রতারণা বাহুবলে, তাশের ঘরের নিশানা।

সবিই রেখে গেছে সবাই, পেয়েছে তিক্ত জামানা।

হ্যাঁ প্রান প্রিয় ভাই ও বোনেরা,

এই তিক্ত জামানাই হল চির কস্টের মাকান জাহান্নাম। যেখানে পাড়ি জমিয়েছে হামান, নমরুদ, ফেরাউন, আবু জাহেল, উতবা ও শাইবা। কি ছিলো না তাদের? সবই ছিলো। ছিলোনা শুধুমাত্র পরপারের চিন্তা। আর এটাই হয়েছে কাল। কারো কারো মৃত্যুতে আকাশ জমিন আর পূতপবিত্র আত্তাগুলো ক্রন্দন করে। আর কারো কারো মৃত্যুতে মানুষ সস্থি পায়। তার বিগত জিবনের দুর্নীতি অপকর্ম আর জুলুমের হিসেব নিকেশ কষে তার আযাব দৃঢ় করনে বদদুয়া করে। কি ছিলোনা এক সময়ের স্বাস্থ্যমন্ত্রীর? কি ছিলোনা ধর্ম নিয়ে হেলা খেলার জন্য গঠিত মন্ত্রনালয়ের অথর্ব্য মন্ত্রির? কেমন যেন একটা সাজানো গোছানো বিচারিক মৃত্যু মিছিল। কত আমলা কত চামচা পেয়াদা কত নাম করা নামিদামি পা চাটা গোলাম এই মৃত্যু মিছিলে সামিল হয়েছে। অবাক করা ব্যাপার কত মানুষ এই করোনা ভাইরাসের আক্রমণে পরপারে পাড়ি দিচ্ছে কিন্তু যাদের মৃত্যু ছিলো মজলুমের প্রত্যাশিত সুপ্ত বাসনা তাদের মৃত্যুর সাথে সাথেই প্রশান্তির ছায়া পড়েছে মাজলুম আত্মার কোঠরে আল্লাহর আজাবে জালিমের এই লাঞ্চনাদায়ক মৃত্যু মাজলুম মানুষের প্রত্যাশিত কামনাকে প্রশান্ত করে। আর অপর দিকে আল্লাহর কোন বান্দার এই মৃত্যু হলো শাহাদাত আর চিরসম্মান। যা কষ্টের এই পৃথিবীকে বিদায় জানিয়ে চিরসুখের মাকানকে স্বাগত করার একটি হাওলা।

কিন্তু মনে রাখতে হবে হায়াত ১টি নিয়ামত। মৃত্যু ১টি সীমানা। প্রতিটি মানুষ একটি গতিশীল বস্তু। অবশ্যই মানুষকে এই সীমানা পার হতেই হবে।

প্রতিটি মানুষের এটাই কর্তব্য যে তাদের মৃত্যুগুলো যেন ইমানী অধিকার হারানো মাজলুমের প্রত্যাশিত দ্বীন অর্জনের দুর্দান্ত গতিকে আরও গতিময় করে তুলে। আল্লাহ আমাদের পূর্ন তাওফিক দান করুন, আমিন।

সুবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা আশহাদু আল্লা-ইলাহা ইল্লা আনতা আসতাগফিরুকা ওয়া আতূবু ইলাইকা